

## প্রেস নোট

এতদ্বারা আপনাকে জানানো হইতেছে যে আগামী ২৮.০৭.২০১৪ তারিখে মালদা জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েতে এম.জি.এন.আর.ই.জি.এস. তথা ১০০ দিনের কাজে জনসাধারণকে সচেতন করার জন্য এবং শ্রমদিবস বাড়ানোর লক্ষ্যে 'গ্রাম রোজগার দিবস' পালনের আয়োজন করা হইয়াছে। উক্ত প্রয়াসের মাধ্যমে গ্রাম পঞ্চায়েতের ইচ্ছুক জনসাধারণের মধ্যে ৪-এর ক ফর্ম বিতরণ ও সংগ্রহ করা হইবে। ১০০ দিনের কাজের প্রকল্পে জনসাধারণকে কাজ প্রদান এবং অর্থ রোজগারের মাধ্যমে স্বনির্ভর করে তোলা-ই হল এই প্রয়াসের উদ্দেশ্য। এই দিনটিতে সমগ্র মালদা জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে উপস্থিত থাকবেন জেলা, ব্লক ও গ্রাম পঞ্চায়েতের সমস্ত আধিকারিকবৃন্দ এবং এম.জি.এন.আর.ই.জি.এস. এর কাজের সহিত যুক্ত সকল কর্মচারীবৃন্দ।



জেলা শাসক ও জেলা প্রকল্প সমন্বায়ক  
মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিত করণ প্রকল্প  
পশ্চিমবঙ্গ, মালদা।